অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/25/2023 **গভর্নর ক্যাথি হোকল**

যদি আপনি এটি পূর্বে দেখে না থাকেন: নিউ ইয়র্ক ডেইলি নিউজে গভর্নর হোকলের মতামত ও সম্পাদকীয় পৃষ্ঠার নিবন্ধ: যুব মানসিক স্বাস্থ্য সঙ্কটের ব্যাপারে নিউ ইয়র্কের প্রতিজ্ঞা গভর্নর হোকল সমাধানে বিনিয়োগের জন্য তার পরিকল্পনা তুলে ধরলেন

আজকে, দ্য নিউ ইয়র্ক ডেইলি নিউজ তরুণদের মানসিক স্বাস্থ্য সঙ্কটের সমাধানে নিউ ইয়র্কের বহুমুখী পন্থা নিয়ে গভর্নর ক্যাথি হোকলের একটি অপ-এড প্রকাশিত করেছে। অপ-এডটির লেখা নিচে উপলভ্য আছে এবং অনলাইনে দেখা যাবে এখানে।

15 জুন, আমি নিউ ইয়র্কের সর্বপ্রথম যুব মানসিক স্বাস্থ্য সামিটে (Youth Mental Health Summit) গর্বসহকারে 1,000 এর বেশি মানুষকে জমায়েত করতে পেরেছি, বহু শিশু ও কিশোর যেই নজিরবিহীন মানসিক স্বাস্থ্য সমস্যার সম্মুখীন হচ্ছে তার সমাধানে নিবিড়ভাবে আগ্রহী অ্যাডভোকেটগণ সেখানে আমার সাথে যোগ দেয়। জাতীয় মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞ, তরুণদের অ্যাডভোকেট এবং সেবাদানকারী, পিতামাতা ও কেয়ারগিভার, শিক্ষক, এবং অন্যান্য অনেককে নিয়ে সামিটে এতো মানুষের উপস্থিতি একটি বিবৃতি প্রদান করে যে আমরা সামগ্রিকভাবে এই সঙ্কটের ব্যাপকতা, এর দ্বারা সৃষ্ট কষ্ট, এবং শিশুদের যে আমাদের সাহায্য দরকার তা বুঝতে পেরেছি।

এছাড়াও এটি আমাকে আশা প্রদান করেছে যে আমরা একটি যত্নশীল স্টেট যারা সমাধানের অংশ হওয়ার জন্য একত্রে কাজ করতে পারবে।

শিশু ও কিশোরেরা এমন একটি সঙ্কটের সম্মুখীন হয়েছে যা এই দেশে আগে কখনো দেখা যায়নি। বর্তমানে মানসিক স্বাস্থ্য সমস্যা অনেক গভীর হয়েছে কারণ আমাদের কমবয়সীরা উদ্বেগ, বিষণ্ণতা, এবং আত্মহত্যার বিস্ময়কর হারের সম্মুখীন হয়েছে। রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) অনুযায়ী, হাই স্কুল শিক্ষার্থীদের প্রায় অর্ধেক, 42 শতাংশ, ক্রমাগত বিমর্ষ বা নিরাশ হয়ে থাকে। এবং এর মধ্যে 22 শতাংশ, বিশেষ করে হাই স্কুলের মেয়েরা, জীবনের বিকল্পই শ্রেয় এমন বিবেচনা করেছে।

তরুণ লেসবিয়ান, গে, বাইসেকসুয়াল, ট্রান্সজেন্ডার, কুইয়ার (LGBTQ), যারা ক্রমবর্ধমানভাবে রাজনৈতিকভাবে অনুপ্রাণিত ডানপন্থী চরমপন্থীদের দ্বারা আক্রমণের লক্ষ্য হয়ে উঠেছে, তাদের মধ্যে এই সংখ্যা আরো শ্রুতিকটু। প্রায় 70 শতাংশ LGBTQ শিশু ক্রমাগত বিমর্ষ বা নিরাশ হয়ে থাকে। তার মধ্যে 37 শতাংশ আত্মহত্যার পরিকল্পনা করেছে।

কৃষ্ণাঙ্গ তরুণদের মধ্যে আত্মহত্যার হার ভীতিকর পর্যায়ে পৌঁছেছে, এটি 2018 থেকে 2021 এর মধ্যে 37 শতাংশ বৃদ্ধি পেয়েছে। উদ্বেগের বিষয় এই যে, এই সংখ্যাটি মহামারীর সম্পূর্ণ প্রভাব গণ্য করে না, যা শিশু ও কিশোরদের মানসিক স্বাস্থ্য এমনভাবে প্রভাবিত করেছে যার সম্পূর্ণ চিত্র আমরা এখনো বুঝে উঠতে পারিনি।

এই সংখ্যা অত্যন্ত আশঙ্কাজনক এবং নিউ ইয়র্ক স্টেটের প্রশাসন চালানো প্রথম মা হিসেবে, এবং শিশুদের ভুগতে দেখা একজন হিসেবে এটি একটি ব্যক্তিগত সমস্যা। সবকিছুর উপরে এই পরিসংখ্যান মনে করিয়ে দেয় যে আমরা যা করছি তা একদমই যথেষ্ট নয়।

দীর্ঘদিন ধরে আমরা মানসিক স্বাস্থ্য সেবায় কম বিনিয়োগ করেছি এবং বহু দশক ধরে এই সঙ্কটকে উপেক্ষা করেছি, বিশেষ করে স্কুলগুলিতে, এবং এর ফলে আমরা এমন একটি জটিল মুহূর্তে এসে পড়েছি যা কোভিড, জাতীয় বন্দুক সহিংসতা মহামারী, এবং সংযোগের জন্য সোশ্যাল মিডিয়ার উপর বর্ধিত নির্ভরশীলতা দ্বারা আরো বর্ধিত হয়েছে।

শিশুদের সাথে কথা বলে এবং বিচ্ছিন্নতা, ভীতি, এবং হারানোর মর্মস্পর্শী কাহিনী শুনে বুঝা যায় যে তাদের যে আরো সাহায্য প্রয়োজন তা তারা অনবরত স্পষ্ট করে বলছে। তাদের জন্য স্কুলে 700 শিক্ষার্থীর জন্য একজন নয়, বরং আরো বেশি মানসিক স্বাস্থ্য পেশাদারের প্রয়োজন রয়েছে। তাদের এমন একটি পরিবেশে শিক্ষালাভ করতে হবে যেখানে বন্দুক সহিংসতার ভীতি থাকবে না, যা শিশু ও কিশোরদের মৃত্যুর শীর্ষ কারণ হয়ে উঠেছে। সোশ্যাল মিডিয়ার ক্ষমতা এবং মানসিক স্বাস্থ্যে এর প্রভাব সম্পর্কে একটি বুদ্ধিমান, চিন্তাশীল উপায়ে আলোচনা করার প্রশিক্ষণ তাদের প্রয়োজন।

তাদের সবথেকে বেশি প্রয়োজন হলো আমাদের অগ্রসর হয়ে সাহসী, সাধারণ বুদ্ধির ব্যবস্থা গ্রহণ করা যা এই সঙ্কটকে প্রশমিত করতে পারবে।

এই বছরের শুরুতে, মানসিক স্বাস্থ্য সেবায় দীর্ঘ বছরের স্বল্প বিনিয়োগ শেষ করার মাধ্যমে আমার প্রশাসন সঙ্কটের অর্থপূর্ণ সমাধান প্রতিষ্ঠা করার প্রথম ধাপ গ্রহণ করেছে। সকল পর্যায়ের প্রয়োজনে সেবাদান করা, ঘাটতির শূন্যস্থানে পতিত হওয়া থেকে মানুষকে সুরক্ষা প্রদান করা, এবং সকলে একটি ধারাবাহিক ভিত্তিতে সেবা পাচ্ছে তা নিশ্চিত করতে আমরা একটি দীর্ঘমেয়াদি 1 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ দ্বারা সম্পূর্ণ ব্যবস্থাটিকে ঢেলে সাজাচ্ছি। পাশাপাশি, আমরা শিক্ষায় ঐতিহাসিক 34.5 বিলিয়ন মার্কিন দলের বিনিয়োগ এবং বন্দুক সহিংসতা প্রতিরোধ তহবিলে 347 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছি, যার ফলে আমরা আমাদের তরুণদের সহায়তা করার জন্য সম্পূর্ণ, সার্বিক ব্যবস্থা নিতে পারবো।

এছাড়াও, নিউ ইয়র্ক ভবিষ্যতে কী নীতিমালা বাস্তবায়ন করতে পারে তা আমরা বিশেষভাবে সংজ্ঞায়িত করবো এবং একইসাথে অন্যান্য স্টেট ও ফেডারেল সরকারকে আমাদের প্রদর্শিত পথ গ্রহণ করতে জোর দিবো। এর মধ্যে আমাদের শিশুরা যাতে সোশ্যাল মিডিয়ার শিকার না হয় এবং এটি যাতে তাদের মানসিক স্বাস্থ্যে কম প্রভাব ফেলে তার ব্যবস্থা গ্রহণ, এই সঙ্কট দ্বারা সবথেকে বেশি প্রভাবিত সম্প্রদায়ে (যেমন LGBTQ, কৃষ্ণাঙ্গ, এবং ল্যাটিনো সম্প্রদায়) পেশাদার নিয়োগ করা এবং ভবিষ্যতের নীতিমালা সিদ্ধান্তকে অবগত করার জন্য দেশসেরা মানসিক স্বাস্থ্য গবেষণা কর্মসূচিতে বিনিয়োগ করার মতো ব্যবস্থা থাকা উচিত।

পরিশেষে, আমরা এই সঙ্কটে প্রভাবিতদের সাথে, অর্থাৎ কমবয়সীদের সাথে সরাসরি কাজ করা অব্যাহত রাখবো। পুরো স্টেটব্যাপী শিশু ও কিশোরদের নিয়ে শ্রবণ সফর আয়োজন করার পর এবং আমাদের তরুণদের মানসিক স্বাস্থ্য সামিটে বহু নিবেদিত নিউ ইয়র্কবাসীকে জমায়েত করার পর, এটি অত্যন্ত স্পষ্ট যে এই কথোপকথনকে আকৃতি দানে সাহায্য করার জন্য তরুণদের বক্তব্য গুরুত্বপূর্ণ, এবং আমাদের নতুন নীতিমালা তৈরির সময় তাদের সম্মুখসারিতে রাখা অত্যাবশ্যকীয়।

অতি গুরুত্বপূর্ণ এই ব্যবস্থাগুলি সূচনামাত্র। কঠিন প্রশ্নের ব্যাপারে প্রতিজ্ঞা গ্রহণ করতে হবে, গতানুগতিক নয় এমন উত্তর প্রদান করতে হবে, এবং মানসিক স্বাস্থ্যের ব্যাপারে চলতি অভ্যাসের মোকাবেলা করতে হবে। আরো সহজভাবে বললে, আরো ভালোভাবে কাজ করার প্রতিশ্রুতি নিতে হবে।

সামিটে যারা একত্রিত হয়ে নিজেদের বক্তব্য প্রদান করেছে এবং এই বিষয়টি যাদের ব্যক্তিগত সমস্যা এমন আরো কয়েক মিলিয়ন মানুষকে নিয়ে একত্রে আজকে থেকে আমরা আরো ভালো কিছু শুরু করতে পারি বলে আমি বিশ্বাস করি।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন